# “২০২৪-২৫ সালে সারাদেশে সংঘটিত মাজারে হামলা” বিষয়ে প্রতিবেদন


**সার্বিক তত্ত্বাবধান ও সম্পাদনা:**
মোহাম্মদ আবু সাঈদ

**পেপারওয়ার্ক:** মুহাম্মদ তৌহিদুল ইসলাম
**ফিল্ডওয়ার্ক:** আবু হাসান মোহাম্মদ মুখতার



**প্রকাশ:**
জানুয়ারি, ২০২৬
মাকাম: সেন্টার ফর সুফি হেরিটেজ
মোহাম্মদপুর, ঢাকা-১২০৭
maqambd.org@gmail.com
01878-431312


*মাকাম* কর্তৃক সর্বস্বত্ব সংরক্ষিত

# সূচিপত্র


| | |
|---|---|
| ভূমিকা | ০৩ |
| উৎসসমূহ | ০৫ |
| সারাংশ | ০৬ |
| বিভাগীয় পরিসংখ্যান | ০৭ |
| আহত ও নিহত | ০৮ |
| মামলা | ০৯ |
| হামলায় রাজনৈতিক দলগুলোর সম্পৃক্ততা | ১১ |
| বুলডোজার/ডেকু দিয়ে গুড়িয়ে দেয়া মাজার | ১৪ |
| হামলার গুজব | ১৪ |
| প্রমাণিত ৯৭টি হামলার তালিকা | ১৫ |
| অপ্রমাণিত ও গুজব ৩৭টি মাজারের তালিকা | ২৬ |

# ভূমিকা

কেবল বাংলাদেশে নয়, ভারতীয় উপমহাদেশে ইসলাম প্রচার ও প্রসারে একক নেতৃত্ব দিয়েছেন সুফি-সমাজ। বাংলাদেশে মুসলমান জনসংখ্যা উল্লেখযোগ্যভাবে বেশি হবার ক্ষেত্রে সুফি-সমাজের ভূমিকাই প্রধান। ঔপনিবেশিক আমল থেকে অদ্যাবধি মুসলমান সমাজে সুফি-সমাজের পাশাপাশি ভিন্ন মতাবলম্বীর সংখ্যা ও প্রভাব আনুপাতিক হারে বৃদ্ধি পেয়েছে। তদুপরি অদ্যাবধি বাংলাদেশের মুসলমান সমাজে সুফি-সমাজের সমর্থক ও প্রভাবই সবচেয়ে বেশি। বেশি সত্ত্বেও, ৫ আগস্ট পরবর্তী সময়ে সুফি-সমাজ ও সংস্কৃতির উপর ধারাবাহিকভাবে হামলা করা হয়েছে। জুলাই অভ্যুত্থান পরবর্তী সময়ে বাংলাদেশের সমাজ ও সংস্কৃতিতে সবচেয়ে বড় আঘাত করা হয়েছে মাজারে হামলার মাধ্যমে। জুলাই অভ্যুত্থানের মাধ্যমে ছাত্র-জনতার মাঝে যে বৈচিত্র্যময় সংস্কৃতি ও সহাবস্থানের সমাজ গড়ার আকাঙ্ক্ষা তৈরি হয়েছিল, সঙ্ঘবদ্ধভাবে মাজার হামলার মধ্য দিয়ে তা ধুলায় মিশিয়ে দেয়া হয়েছে।

এখনো পর্যন্ত বাংলাদেশে সুফি-সমাজের সমর্থক ও প্রভাব সবচেয়ে বেশি হবার পরও কেন এই হামলা প্রতিরোধ করা যায়নি এটিও একটি প্রশ্ন। বাংলাদেশের স্বাধীনতার পর থেকে অদ্যাবধি সুফি-সমাজের বিপরীতে ভিন্ন মতাবলম্বীরা—যাদের নেতৃত্ব ও প্রচেষ্টায় হামলা হয়েছে— তারা সামাজিক ও রাজনৈতিকভাবে যত বেশি সংগঠিত ও শক্তিশালী হতে পেরেছেন তার ঠিক বিপরীতে অবস্থান সুফি-সমাজের। যে কারণে সংখ্যায় ও প্রভাবে সংখ্যাগরিষ্ঠ হয়েও, সামাজিকভাবে অসংগঠিত ও রাজনৈতিকভাবে জনবিচ্ছিন্ন হবার কারণে দেড় বছর ধরে পরিচালিত ধারাবাহিক হামলার ন্যূনতম প্রতিরোধ গড়ে তোলা সম্ভব হয়নি।

নাগরিকের ধর্মীয় স্বাধীনতাকে ব্যহত করে এমন যে কোনো হামলাই ফৌজদারি অপরাধ। তারউপর দীর্ঘ দেড় বছর ধরে নির্দিষ্ট একটি ধর্মীয় গোষ্ঠীর উপর পরিচালিত এমন ভয়াবহ সিরিজ হামলা তো আরও গুরুতর। কিন্তু অন্তর্বর্তীকালীন সরকার মুখে বলা ছাড়া প্রতিরোধের তেমন চেষ্টাই করেনি। সরকারের এই অকার্যকর বাগাড়ম্বর হামলাকারীদের পরোক্ষভাবে উৎসাহিত করেছে। হামলার ফলে যে-সকল মাজার, দরগাহ, খানকা ক্ষতিগ্রস্ত হয়েছে সেগুলোর ক্ষতিপূরণ বিষয়ে অদ্যাবধি কোনো ঘোষণা আসেনি। ফলত, এক্ষেত্রে আইন প্রয়োগের দিক থেকে চূড়ান্তভাবে রাষ্ট্রীয় ও সরকারি ব্যর্থতা স্পষ্ট।

রাজনৈতিক দলগুলোর ভূমিকাও অনুল্লেখযোগ্য ও ক্ষেত্রবিশেষ প্রশ্নবিদ্ধ। কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগ থেকে শুরু করে বিএনপি, বাংলাদেশ জামায়াতে ইসলামী, ইসলামী

আন্দোলন বাংলাদেশসহ অনেক রাজনৈতিক দলের স্থানীয় নেতা-কর্মীরা মাজার হামলায় সমর্থন ও অংশগ্রহ করার অভিযোগ রয়েছে। বাংলাদেশে ধর্মীয় আদর্শভিত্তিক সবচেয়ে বৃহৎ ও সুসংগঠিত রাজনৈতিক দল বাংলাদেশ জামায়াতে ইসলামীও এক্ষেত্রে দায়িত্বশীল আচরণ করতে ব্যর্থতার পরিচয় দিয়েছে। সকলে প্রেস বিজ্ঞপ্তি ও বক্তব্যে মাজার হামলার নিন্দা ও প্রতিবাদ জানালেও কার্যকর কোনো পদক্ষেপ নেয়নি। এ বিষয়ে সরকারের নির্লিপ্ততা ও আইন প্রয়োগের ব্যর্থতার ক্ষেত্রে এটিও একটি গুরুত্বপূর্ণ কারণ।

সুফি-সমাজকেন্দ্রিক গবেষণাভিত্তিক প্রতিষ্ঠান *মাকাম* প্রথম থেকেই মাজার হামলা বিষয়ে সচেতন। সহিংসতায় লিপ্ত না হয়ে সংলাপের মাধ্যমে একটি দীর্ঘস্থায়ী সমাধানের লক্ষ্যে গত ২৫ অক্টোবর, ২০২৫ তারিখে রাজধানীতে ‘বাংলাদেশের মাজার সংস্কৃতি: সহিংসতা, সংকট ও ভবিষ্যৎ ভাবনা’ শীর্ষক জাতীয় সংলাপের আয়োজন করে মাকাম।

এর ধারাবাহিকতায় সারাদেশে সংঘটিত মাজার, দরগাহ, খানকার উপর হামলা বিষয়ে প্রতিবেদন প্রকাশের সিদ্ধান্ত নেয় মাকাম। মাকাম রিসার্চ টিমের সদস্য আবু হাসান মুহাম্মদ মুখতার এবং মুহাম্মদ তৌহিদুল ইসলাম যৌথভাবে প্রতিবেদন তৈরির কাজ সফলভাবে সম্পন্ন করেছেন। তারাসহ সংশ্লিষ্ট সকলকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি।

**প্রতিবেদনের সময়সীমা: ৫ আগস্ট ২০২৪ থেকে ৩১ ডিসেম্বর ২০২৫।**

সারাদেশে সংঘটিত সকল হামলা প্রতিবেদনে যুক্ত হয়েছে এমন দাবি আমরা করছি না। আমরা সর্বোচ্চ চেষ্টা করেছি, সকল হামলার বিষয়ে বিস্তারিত জানতে, যাচাই-বাছাই করতে এবং নির্দিষ্ট ফরম্যাটে প্রকাশ করতে। এক্ষেত্রে ডিজিটাল ও প্রিন্ট মিডিয়ায় প্রকাশিত নিউজ, রিপোর্টের সহযোগিতা নেয়া হয়েছে। সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুক থেকে হামলার ভিডিও সংগ্রহ করে তা সংরক্ষণ ও বিশ্লেষণ করা হয়েছে। যে-সকল হামলার বিষয়ে যথেষ্ট তথ্য পাওয়া যায়নি এবং যে-সকল ঘটনা তুলনামূলক ভয়াবহ ও সন্দেহমূলক ছিল সে-সকল ক্ষেত্রে ফিল্ডওয়ার্কের মাধ্যমে তথ্য সংগ্রহ করা হয়েছে। কোনো কাজই সম্পূর্ণ ক্রুটিমুক্ত নয়; প্রতিবেদনে যদি কোনো তথ্যগত, ভাষাগত ও অন্যান্য ক্রুটি চোখে পড়ে এবং মাকামকে জানানো হয়, মাকাম সর্বোচ্চ চেষ্টা করবে যাচাই-বাছাই করে সংশোধন করতে। এক্ষেত্রে সকলের আন্তরিক সহযোগিতা কামনা করছি।

মোহাম্মদ আবু সাঈদ
কোঅর্ডিনেটর, মাকাম
masayed925@gmail.com

# উৎসসমূহ (Sources)

এই প্রতিবেদনটি বিভিন্ন নির্ভরযোগ্য উৎস থেকে সংগৃহীত তথ্যের ভিত্তিতে তৈরি করা হয়েছে। যেমন:

- **সংবাদপত্রের রিপোর্ট ও প্রতিবেদন:** প্রধান সংবাদমাধ্যম যেমন The Daily Star (‘Silence of the shrines’, ২৩ ফেব্রুয়ারি ২০২৫), TBS News (যেমন ‘44 attacks on 40 shrines’, ১৮ জানুয়ারি ২০২৫), এবং জাতীয় ও আঞ্চলিক পত্রিকা থেকে ঘটনার বিস্তারিত বর্ণনা, হতাহতের পরিসংখ্যান এবং প্রশাসনিক অবস্থান সংগ্রহ করা হয়েছে।
- **সামাজিক যোগাযোগ মাধ্যম (ফেসবুক, ইউটিউবসহ বিভিন্ন প্ল্যাটফর্মে ছড়িয়ে পড়া তালিকা ও মন্তব্য পোস্ট):** ফেসবুক এবং ইউটিউবে ছড়ানো পোস্ট, তালিকা এবং মন্তব্য থেকে স্থানীয় প্রতিক্রিয়া, হামলার চেষ্টা এবং প্রোপাগান্ডা সংগ্রহ করা হয়েছে। এগুলোতে ‘তৌহিদী জনতা’ গোষ্ঠীর সংগঠিত হওয়া, স্লোগান এবং মব গঠনের ডকুমেন্টেশন রয়েছে।
- **সামাজিক যোগাযোগ মাধ্যমে ছড়িয়ে পড়া ভিডিও ও লাইভ:** ফেসবুক এবং ইউটিউবে লাইভ ভিডিও এবং ক্লিপস (যেমন হামলার সময়কার ফুটেজ, মাইকিং করে মব গঠন) থেকে ঘটনার রিয়েল-টাইম প্রমাণ সংগ্রহ করা হয়েছে। কিছু ভিডিও মিথ্যা প্রোপাগান্ডা হিসেবে চিহ্নিত হয়েছে।
- **সংবাদ মাধ্যমগুলোর প্রকাশিত ভিডিও সংবাদ:** টেলিভিশন এবং অনলাইন নিউজ চ্যানেল যেমন যমুনা টেলিভিশন, NTV এবং bdnews24.com-এর ভিডিও রিপোর্ট থেকে ঘটনার দৃশ্যমান প্রমাণ এবং প্রত্যক্ষদর্শীদের সাক্ষাৎকার সংগ্রহ করা হয়েছে।
- **মানবাধিকার সংগঠনের প্রতিবেদন:** বিভিন্ন মানবাধিকার সংগঠনের প্রতিবেদন থেকে সিস্টেম্যাটিক অ্যাটাক, হতাহত এবং সাম্প্রদায়িক যোগসূত্রের বিশ্লেষণ সংগ্রহ করা হয়েছে। (যেমন: এমএসএফ ইত্যাদি)
- **ফিল্ড ওয়ার্ক ও সরেজমিন যাচাই:** মাকাম'র প্রতিনিধিরা হামলার শিকার কুমিল্লা, চট্টগ্রামের বিভিন্ন মাজার পরিদর্শন করে সরেজমিনে ঘটনার আদ্যোপান্ত জানার চেষ্টা করেছেন। এতে খাদেম, ভক্ত এবং স্থানীয়দের সাক্ষাৎকার নেয়া হয়েছে। এগুলো ঘটনার প্রত্যক্ষ, পরোক্ষ প্রমাণ এবং হামলার শিকার মাজারের বর্তমান অবস্থা নিশ্চিত করতে সহায়তা করেছে।

প্রতিবেদনে ব্যবহৃত নিউজ, প্রতিবেদন, ভিডিও ও ফিল্ডওয়ার্ক থেকে প্রাপ্ত ডকুমেন্ট আর্কাইভ করা আছে। প্রতিবেদনে উল্লেখিত যে কোনো প্রকার তথ্যের পর্যাপ্ত প্রমাণ আমাদের কাছে রয়েছে। যথাযথ কর্তৃপক্ষ চাহিবামাত্র নির্দিষ্ট তথ্য-সংক্রান্ত ডকুমেন্ট প্রদান করতে সর্বোচ্চ চেষ্টা করা হবে।

# সারাংশ

২০২৪-২৫ সালে সারাদেশে মোট ১৩৪টি মাজার হামলার খবর পাওয়া গেছে। তন্মধ্যে ৯৭টি হামলার ঘটনা প্রমাণিত হয়েছে; ৩৭টি হামলার প্রমাণ পাওয়া যায়নি। মোট হামলার দুই তৃতীয়াংশ (৩/২) ঘটেছে ঢাকা ও চট্টগ্রাম বিভাগে। জেলাভিত্তিক পরিসংখ্যানে দেখা যায় সবচেয়ে বেশি হামলার ঘটনা ঘটেছে কুমিল্লা, নরসিংদী ও ঢাকায়— যথাক্রমে ১৭, ১০ ও ৯।

৯৭টি ঘটনায় ৫৯ ক্ষেত্রে (৬১%) ধর্মীয় মতবিরোধের কারণে হামলা করা হয়েছে। ২১টি হামলা হয়েছে স্থানীয় মতবিরোধের কারণে, যা মোট ঘটনার ২১%। রাজনৈতিক কারণে হামলা হয়েছে ১৬টি (১৭%)। মাজার কমিটির অন্তর্দ্বন্দ্ব তথা পারিবারিক দ্বন্দ্বের ফলে হামলা হয়েছে ১টিতে। হামলার কারণে পার্থক্য থাকলেও প্রায় সকল হামলায় 'তৌহিদী জনতা'র বেশভূষা ও নেতৃত্ব ছিল অপরিবর্তিত।

হামলার শিকার ৯৭টি মাজারের মধ্যে অন্তত ৪৪টি মাজার পরিত্যক্ত অবস্থায় রয়েছে এবং অন্তত ৪৪টি মাজারের বাৎসরিক উরস বন্ধ রয়েছে। ভিডিও বিশ্লেষণ করে দেখা গেছে, অন্তত ২৩টি ঘটনায় “নারায়ে তাকবির/লিল্লাহি তাকবির - আল্লাহু আকবার” স্লোগান দিয়ে হামলা চালানো হয়েছে। মাজারে হামলার সাথে সাথে মাজার সংশ্লিষ্ট অন্তত ৭টি মসজিদেও হামলা করা হয়েছে। অন্তত ১০টি হামলার পূর্বে মাইক ব্যবহার করে হামলাকারীরা সংগঠিত হয়ে হামলা করেছে। অন্তত ৬টি মাজারে বুলডোজার/ডেকু ব্যবহার করে মাজার ও সংশ্লিষ্ট স্থাপনা গুড়িয়ে দেয়া হয়েছে।

মাজারে হামলার ঘটনায় সুনির্দিষ্ট তথ্যের ভিত্তিতে রাজনৈতিক দলগুলোর অংশগ্রহণের অভিযোগগুলো চিহ্নিত করা হয়েছে। ইসলামী আন্দোলন বাংলাদেশ'র স্থানীয় নেতা-কর্মী ও সমর্থকরা অন্তত ১২টি হামলায়; বাংলাদেশ জামায়াতে ইসলামীর স্থানীয় নেতা-কর্মী ও সমর্থকরা অন্তত ৪টি হামলায়; বাংলাদেশ জাতীয়তাবাদী দল - বিএনপির স্থানীয় নেতা-কর্মী ও সমর্থকরা অন্তত ৪টি হামলায়; কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগের নেতা-কর্মী ও সমর্থকরা অন্তত ২টি হামলায়; অন্তত ১টি করে হামলায় জাতীয় নাগরিক পার্টি - এনসিপির ও বাংলাদেশ খেলাফত মজলিসের স্থানীয় নেতা-কর্মী ও সমর্থকদের অংশগ্রহণের অভিযোগ ও প্রাথমিক পর্যায়ে তথ্য পাওয়া গেছে।

অপ্রমাণিত ৩৭টি ঘটনার মধ্যে ৬টি ঘটনাকে গুজব হিসেবে শনাক্ত করা হয়েছে। সারাদেশে সংঘটিত ৯৭টি মাজার হামলার ঘটনায় মামলা হয়েছে মাত্র ১১টি। হামলার প্রতিরোধ ও প্রতিকারের ক্ষেত্রে প্রশাসনিক সক্রিয়তা পাওয়া গেছে ১১% ও প্রশাসনিক নিষ্ক্রিয়তা ৮৯%।

# বিভাগীয় পরিসংখ্যান

দেশের ৮টি বিভাগে সংঘটিত মাজার হামলার পরিসংখ্যান:

| বিভাগ | **সংখ্যা** |
|---|---|
| ঢাকা | ৩৬ |
| চট্টগ্রাম | ২৮ |
| সিলেট | ০৯ |
| ময়মনসিংহ | ০৮ |
| রাজশাহী | ০৬ |
| খুলনা | ০৫ |
| রংপুর | ০৩ |
| বরিশাল | ০২ |

# আহত ও নিহত

সারাদেশের প্রমাণিত ৯৭টি হামলায় মোট আহত ৪৬৮ জন ও মোট নিহত ৩ জন।
আহত ও নিহতের বিভাগভিত্তিক পরিসংখ্যান:

| বিভাগ | আহত | নিহত |
|---|---|---|
| চট্টগ্রাম | ৩১ | ০০ |
| ঢাকা | ১৮০+ | ০২ |
| ময়মনসিংহ | ১৫৩ | ০১ |
| সিলেট | ৪৪ | ০০ |
| বরিশাল | ৩৭ | ০০ |
| খুলনা | ২৩+ | ০০ |
| রাজশাহী | ০০ | ০০ |
| রংপুর | ০০ | ০০ |

# মামলা

সারাদেশের প্রমাণিত ৯৭টি হামলায় মোট মামলা হয়েছে ১১টি। যে-সকল হামলার ঘটনায় মামলা দায়ের হয়েছে সেগুলোর বিভাগভিত্তিক তালিকা নিম্নে দেয়া হলো।

চট্টগ্রাম - ৩টি

১. কুমিল্লার আসাদপুর উপজেলার হোমনা গ্রামের ৪টি মাজার, ১৮ সেপ্টেম্বর, ২০২৫।
২. হযরত খাজা কালু শাহ মাজার, ৭ই এপ্রিল ২০২৫, চট্টগ্রামের সীতাকুণ্ড উপজেলার উত্তর সলিমপুর।
৩. শাহসুফি আইয়ুব আলী মাজার, ২০ই এপ্রিল ২০২৫, নোয়াখালী সদর উপজেলার কালাদরাফ মুন্সির তালুক গ্রাম।

ঢাকা - ৫টি

১. শাহ সুফি সৈয়দ রেজা সারোয়ার রাজাজীর মাজার, ৫ই আগস্ট ২০২৪, নারায়ণগঞ্জের রূপগঞ্জ উপজেলার দাউদপুর ইউনিয়নের কালনি এলাকা।
২. নুরাল পাগলার দরবার শরিফ, ৫ সেপ্টেম্বর ২০২৫, রাজবাড়ী জেলার গোয়ালন্দ উপজেলার জুড়ান মোল্লাপাড়া এলাকা।
৩. শাহ সুফি হযরত হকসাব শাহ (হক পাগলা) মাজার, ৫ আগস্ট ২০২৪, নরসিংদী জেলার দড়ীনবিপুর গ্রাম।
৪. শুক্কুর আলী শাহ ফকিরের মাজার, ২৩ জানুয়ারি ২০২৫, ঢাকার ধামরাই উপজেলার গাঙ্গুটিয়া ইউনিয়নের অর্জুন নালাই গ্রাম।
৫. বুচাই পাগলার মাজার, ১১ সেপ্টেম্বর ২০২৪, ঢাকার ধামরাই উপজেলার সানোড়া ইউনিয়ন।

ময়মনসিংহ - ১টি

১. শেরপুরের মুর্শিদপুর পীরের দরবার (খাজা বদরুদ্দোজা হায়দার ওরফে দোজা পীরের দরবার শরীফ) – দুই দফায় হামলা ২৬ ও ২৮ নভেম্বর, ২০২৪। শেরপুর সদর উপজেলার লছমনপুর এলাকায় অবস্থিত।

<u>সিলেট - ১টি</u>

১. শাহ আরেফিন (রা.) মাজার (শাহ আরেফিন টিলা), ৫ ডিসেম্বর ২০২৪, সিলেটের কোম্পানীগঞ্জ উপজেলার জালিয়ারপাড় গ্রামে অবস্থিত।

<u>রাজশাহী - ১টি</u>

১. হযরত শাহ সুফি মোকাররম হোসেন জঙ্গি (রহ.) মাজার, ৫ই আগস্ট ২০২৫, রাজশাহীর গোদাগাড়ী উপজেলার রাজাবাড়ি হাট এলাকায় অবস্থিত।

বরিশাল, রংপুর ও সিলেটের কোনো মাজারে হামলার ঘটনায় মামলার তথ্য পাওয়া যায়নি।

# হামলায় রাজনৈতিক দলগুলোর সম্পৃক্ততার অভিযোগ

**<u>ইসলামি আন্দোলন বাংলাদেশ – ১২টি</u>**

**১-৮.** গোত্রশাল গ্রামের মাওলানা জসিম উদ্দিন এবং নাগোদা গ্রামের মাওলানা সোলাইমান এর নেতৃত্বে কয়েকশ ইসলামী আন্দোলন বাংলাদেশ, চরমোনাইপন্থী স্থানীয় লোকজন দ্বারা ০৯ ই সেপ্টেম্বর ২০২৪ তারিখে কুমিল্লার নাঙ্গলকোট উপজেলার হিয়াজোড়া গ্রামে একত্রে ৮টি মাজারে হামলা চালানো হয়।

পীর গোলাম মহিউদ্দিন টিপুর আস্তানা।

আবদুর রহিম হিয়াজুড়ির মাজার

সৈয়দ দয়াল আবুল কাশেম হিয়াজুড়ির মাজার

সৈয়দ নিজাম উদ্দিন হিয়াজুড়ির মাজার।

ফকির আব্দুল জলিল হিয়াজুড়ির মাজার।

সৈয়দ আব্দুল গণি হিয়াজুড়ির মাজার।

রৌশন শাহ মাজার, তেতিপাড়া গ্রাম।

প্যাটেন শাহ মাজার, মৌকরা ইউপির ফতেহপুর গ্রামে।

**৯.** হজরত শাহ সুফি মেহেরুল্লাহ শাহ ওরফে শাহ ভালার দরবার শরিফ

৬-৭ আগস্ট রাতে, চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার কোষাঘাটায় মাথাভাঙ্গা নদীর তীরে অবস্থিত।

অভিযুক্ত: চরমোনাই পীরের অনুসারী “সিরাজুল ইসলামের” নেতৃত্বে হামলার অভিযোগ।

**১০.** নুরাল পাগলার দরবার শরিফ (৫ সেপ্টেম্বর ২০২৫ জুমার নামাজের পর, রাজবাড়ী জেলার গোয়ালন্দ উপজেলার জুড়ান মোল্লাপাড়া এলাকায়)

অভিযুক্ত: আরিফুল ইসলাম (ইসলামী আন্দোলনের জেলা সেক্রেটারি)

**১১.** ইসমাইল শাহ মাজার

২৮তম বাৎসরিক ওরশ উদযাপনের সময় রবিবার (১৬ মার্চ ২০২৫) রাত সোয়া ১২টায়, বরগুনার আমতলী উপজেলার বটতলা এলাকায় প্রধান অভিযুক্ত ইসলামী আন্দোলন বাংলাদেশের আমতলী উপজেলা শাখার সভাপতি মাওলানা ওমর ফারুক জেহাদী এবং সাধারণ সম্পাদক গাজী বায়েজিদ।

**১২.** শাহ ভালা (সুফি মেহেরুল্লাহ শাহ ওরফে রেজা শাহ চিশতি) দরবার শরীফ

অভিযুক্ত: চরমোনাই পীরের অনুসারী সিরাজুল ইসলাম (দামুড়হুদা উপজেলা মুজাহিদ কমিটির সভাপতি)

(৫, ৬ ও ৭ আগস্ট ২০২৪, তিন দফায় হামলা, চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার কোষাঘাটা গ্রামে মাথাভাঙ্গা নদীর তীরে অবস্থিত)

**<u>বিএনপি – ০৪টি</u>**

**১.** ঘাসিপুর দরবার শরীফ/ মধু দরবেশ মাজার।
১৭ই ফেব্রুয়ারী ২০২৫, চাটখিল উপজেলা, নোয়াখালী।
অভিযুক্ত: মাজার উচ্ছেদ কমিটির সভাপতি ও স্থানীয় বিএনপি নেতা মোহাম্মদ দেলোয়ার হোসেন।
**২.** ফকির মওলা দরবার শরিফ
২০২৫ সালের ২১ ফেব্রুয়ারি, মানিকগঞ্জের সিঙ্গাইর উপজেলার আজিমপুরে।
অভিযুক্ত: স্থানীয় বিএনপি নেতা মাহবুবুর রহমান মিঠু।
**৩.** শাহ আরেফিন (রা.) মাজার (শাহ আরেফিন টিলা)
৫ ডিসেম্বর ২০২৪, সিলেটের কোম্পানীগঞ্জ উপজেলার জালিয়ারপাড় গ্রামে অবস্থিত।
অভিযুক্ত: বিএনপি নেতা বাবুল মিয়া।
**৪.** হযরত শাহ শরীফ উদ্দিন রাহ: বাগদাদী মাজার
(২২ ডিসেম্বর ২০২৪ (রবিবার দুপুর), হবিগঞ্জের মাধবপুর উপজেলার শাহপুর মোকামে)
অভিযুক্ত: বিএনপি নেতা মিনহাজ উদ্দিন চৌধুরী কাসেদের নির্দেশে হামলা।

**<u>আওয়ামী লীগ – ০২টি</u>**

**১.** চাডু মিজি শাহ মাজার।
১৩ই সেপ্টেম্বর ২০২৪ শুক্রবার, নোয়াখালীর মহিলা কলেজ রোডস্থ লক্ষ্মীনারায়ণপুর।
অভিযুক্ত: মোহাম্মদ বিজয়, আওয়ামী লীগের রাজনীতির সাথে যুক্ত ও মাজার কমিটির সাধারণ সম্পাদকের তাজুল ইসলামের ছেলে।
**২.** শাহ আরেফিন (রা.) মাজার (শাহ আরেফিন টিলা)
৫ ডিসেম্বর ২০২৪, সিলেটের কোম্পানীগঞ্জ উপজেলার জালিয়ারপাড় গ্রামে অবস্থিত।
অভিযুক্ত: আওয়ামী লীগের সভাপতি আ. রশিদ, তার ভাই মনির মিয়া, যুবলীগ সভাপতি ফয়জুর রহমান, আ. করিম, কালা মিয়া

**<u>বাংলাদেশ জামায়াতে ইসলামী – ০৪টি</u>**

**১.** দেওয়ান শরীফ খানের মাজার/ পারুলিয়া দরবার শরিফ
৫ আগস্ট ২০২৪ রাতে, নরসিংদীর পলাশ উপজেলায় অবস্থিত।

অভিযোগ: মাজারের খাদেমরা মাকামের প্রতিনিধিকে জানান, জামায়াতপন্থী কিছু স্থানীয় তৌহিদী জনতা হামলায় জড়িত ছিল।

**২.** নুরাল পাগলার দরবার শরিফ

৫ সেপ্টেম্বর ২০২৫ জুমার নামাজের পর, রাজবাড়ী জেলার গোয়ালন্দ উপজেলার জুড়ান মোল্লাপাড়া।

অভিযুক্ত: অ্যাডভোকেট মোঃ নুরুল ইসলাম (জামায়াতের জেলা আমির)।

**৩.** শাহ আব্দুর রহমান ভান্ডারির মাজার

ময়মনসিংহ জেলার তারাকান্দা উপজেলার বিসকা গ্রামে, ৮ অক্টোবর ২০২৪।

অভিযুক্ত: মাজারের পাশের বাড়ির জামায়াত নেতা হামলায় জড়িত ছিলেন বলে অভিযোগ।

**৪.** রশিদিয়া দরবার শরীফ

২৯ সেপ্টেম্বর ২০২৪, কুষ্টিয়ার কুমারখালী উপজেলার দুর্গম চর সাদিপুর ইউনিয়নের সাদিপুর বাজার।

অভিযুক্ত: সাদিপুর আলিম মাদ্রাসার সহকারী শিক্ষক ও ইউনিয়ন জামায়াতের আমির আবু তালেব।

বাংলাদেশ জামায়াতে ইসলামীর স্থানীয় নেতা-কর্মী ও সমর্থকদের বিরুদ্ধে আরও অভিযোগ পাওয়া গিয়েছে। সুনির্দিষ্ট তথ্য পাওয়া গেলে পরবর্তীতে যুক্ত করা হবে।

**<u>এনসিপি - ০১টি</u>**

**১.** নুরাল পাগলার দরবার শরিফ

৫ সেপ্টেম্বর ২০২৫ জুমার নামাজের পর, রাজবাড়ী জেলার গোয়ালন্দ উপজেলার জুড়ান মোল্লাপাড়া।

অভিযুক্ত: আব্দুল্লাহ মামুন (এনসিপি জেলা সদস্য)।

**<u>খেলাফত মজলিস – ০১টি</u>**

**১.** নুরাল পাগলার দরবার শরিফ

৫ সেপ্টেম্বর ২০২৫ জুমার নামাজের পর, রাজবাড়ী জেলার গোয়ালন্দ উপজেলার জুড়ান মোল্লাপাড়া।

অভিযুক্ত: মোঃ ইউসুফ নোমানী (জেলা খেলাফত মজলিসের সহ-সভাপতি)

# বুলডোজার/ ডেকু ব্যবহার করে গুড়িয়ে দেয়া মাজার

১. শাহজাহান পাগলার মাজার (১৬ আগস্ট ২০২৪, দেবীদ্বার, কুমিল্লা।)
২. হজরত শাহ সুফি মেহেরুল্লাহ শাহ ওরফে শাহ ভালার দরবার শরিফ (৫, ৬ ও ৭ আগস্ট ২০২৪, তিন দফায়, চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার কোষাঘাটায় মাথাভাঙ্গা নদীর তীরে অবস্থিত)
৩. বুচাই পাগলার মাজার (১১ সেপ্টেম্বর ২০২৪, ঢাকার ধামরাই উপজেলার সানোড়া ইউনিয়নের বাটুলিয়া এলাকায় কালামপুর-সাটুরিয়া আঞ্চলিক সড়কের পাশে)
৪. শাহ সূফি ফসিহ পাগলার মাজার (১৩ই সেপ্টেম্বর ২০২৪, গাজীপুর মহানগরের পোড়াবাড়ি এলাকায় ঢাকা-ময়মনসিংহ মহাসড়কের পাশে)
৫. হজরত হোসেন আলী শাহের মাজার, লেংটার মাজার (১০ সেপ্টেম্বর ২০২৪, নারায়ণগঞ্জের রূপগঞ্জ উপজেলার পূর্বাচল ১১ নম্বর সেক্টরে)
৬. দেওয়ানবাগ পীরের দরবার শরীফ (৬ সেপ্টেম্বর, ২০২৪ ময়মনসিংহের ত্রিশাল উপজেলার আমিরাবাড়ি ইউনিয়নের গোপালপুর গ্রামে অবস্থিত)

# হামলার গুজব:

**১.** হযরত সোলায়মান শাহের মাজার। (৩০ই জুলাই ২০২৫, চাঁদপুর জেলার উত্তর উপজেলার বেলতলী এলাকার)
২. হযরত শাহ বদিউজ্জামান মুন্সী (রহ:) এর মাজার। (১০ই আগস্ট ২০২৪, রাতে, বোয়ালখালী কধুরখীল ইউনিয়নের)
৩. হযরত লাল শাহ বাবা (রহ:) (২০ই নভেম্বর ২০২৫, ব্রাহ্মণবাড়িয়া জেলা)
৪. হযরত হায়দার শাহ বাবার মাজার (মোহাম্মদপুর, ঢাকা)
৫. শাহ শরীফ জিন্দানীর মাজার (১৬ই সেপ্টেম্বর ২০২৫, তাড়াশ উপজেলা, সিরাজগঞ্জ)
৬. শাহ গালিব রহ: এর মাজার। (১ ও ২ এপ্রিল ২০২৫, সুনামগঞ্জের জগন্নাথপুর)

# প্রমাণিত ৯৭টি হামলার তালিকা

| সংখ্যা | মাজারের নাম | সময় | স্থান |
|---|---|---|---|
| ১ | মালেক শাহ দরবার | ৫ আগস্ট, ২০২৪ | লাকসাম, কুমিল্লা। |
| ২ | আশরাফনগর দরবার শরীফ | ৫ই আগস্ট, ২০২৪ | কুমিল্লার লাকসামে |
| ৩ | সামছু পাগলার মাজার/ শামসুল হক শাহ মাজার | ৬ই ও ৭ই আগস্ট ২০২৪। দুই দফায়। | ভবনাথপুর, বাঞ্ছারামপুর, ব্রাহ্মণবাড়িয়া |
| ৪ | শাহাজাহান পাগলার মাজার | ১৬ই আগস্ট ২০২৪ | কুমিল্লার দেবীদ্বার উপজেলার পৈইয়াবাড়িতে |
| ৫ | পীর গোলাম মহিন উদ্দিন ওরফে টিপুর আস্তানা। | ০৯ ই সেপ্টেম্বর ২০২৪, সোমবার ফজরের নামাজের পর কয়েকশ লোক। | কুমিল্লা জেলার নাঙ্গলকোট উপজেলা হেসাখাল ইউনিয়ন, হিয়াজোড়া গ্রামে। |
| ৬ | সুবেদার আব্দুর রহিম হিয়াজুড়ী মাজার | | |
| ৭ | সৈয়দ আবুল কাশেম মাইজভাণ্ডারী হিয়াজুড়ী মাজার | | |
| ৮ | সৈয়দ নিজাম উদ্দিন হিয়াজুড়ী মাজার | | |
| ৯ | ফকির আব্দুল জলিল হিয়াজুড়ি মাজার | | |
| ১০ | সৈয়দ আব্দুল গনি শাহ হিয়াজুড়ির মাজার | | |
| ১১ | রৌশন শাহ মাজার | ০৯ ই সেপ্টেম্বর ২০২৪, সোমবার ফজরের নামাজের পর কয়েকশ লোক। | কুমিল্লা জেলার নাঙ্গলকোট উপজেলা হেসাখাল ইউনিয়ন, তেতিপাড়া গ্রামে |
| ১২ | প্যাটেন শাহর মাজার | | কুমিল্লা জেলার |

| | | | |
|---|---|---|---|
| | | | নাঙ্গলকোট উপজেলা মৌকরা ইউনিয়নের, ফতেপুর গ্রামে |
| ১৩ | কেরানী সাহেবের মাজার | ১০ ই সেপ্টেম্বর ২০২৪/ মঙ্গলবার | কুমিল্লায় নাঙ্গলকোট উপজেলার |
| ১৪ | চাডু মিজি শাহর মাজার | শুক্রবার (১৩ সেপ্টেম্বর), ২০২৪, সকাল ৯টায় | নোয়াখালী পৌরসভার লক্ষ্মীনারায়ণপুর দরগাহ বাড়িতে |
| ১৫ | শাহান শাহ রাহাত আলি শাহ | শনিবার, ১৪ সেপ্টেম্বর ২০২৪, বিকালে | ছয়ফুল্লাকান্দি, বাঞ্ছারামপুর, ব্রাহ্মণবাড়িয়া। |
| ১৬ | বোবা শাহের মাজার | রাতে (২৮ নভেম্বর, ২০২৪ | কুমিল্লার দেবিদ্বারের বরুড় গ্রামে অবস্থিত |
| ১৭ | হযরত রহম আলী শাহ (র.) এর মাজার | বৃহস্প্রতিবার (৯ জানুয়ারী, ২০২৫) আনুমানিক দুপুর ২ টার সময় | পশ্চিম ফরহাদাবাদ জব্বারহাট বাজারস্ত, হাটহাজারী থানা, চট্টগ্রাম |
| ১৮ | ঘাসিপুর দরবার শরিফ, মধু দরবেশের মাজার | সোমবার, (১৭ ফেব্রুয়ারী, ২০২৫ বিকেল ৩টায়) | চাটখিল, নোয়াখালী। |
| ১৯ | সৈয়দ মুহাম্মদ শায়ের মুহাম্মদ শাহ আল কাদেরী আল চিশতীর মাজার | ১৯ ফেব্রুয়ারি ২০২৫ রাতে | পেকুয়া, কক্সবাজার |
| ২০ | শাহসূফী আইয়ুব আলী দরবেশের মাজার | বৃহস্পতিবার বিকেল তিনটার দিকে (২০ ফেব্রুয়ারি ২০২৫), ওরশ চলাকালীন। | নোয়াখালী সদর উপজেলার কালাদরাফ ইউনিয়নে মুন্সির তালুক গ্রামে |
| ২১ | হযরত খাজা কালুশাহ (রহ:) মাজার ও মাদরাসা | ৭ এপ্রিল ২০২৫ দুপুরে | চট্টগ্রামের সীতাকুণ্ডে |
| ২২ | কফিল উদ্দিন শাহ | ১৮ই সেপ্টেম্বর, ২০২৫ সকালে | কুমিল্লা জেলার হোমনা উপজেলার আসাদপুর গ্রামে |
| ২৩ | কালাই শাহ (কালু শাহ) | | |

| | | | |
|---|---|---|---|
| ২৪ | আবদু শাহ | | |
| ২৫ | হাওয়ালী শাহ | | |
| ২৬ | হযরত আব্দুল্লাহ শাহ হুজুরের মাজার | ৯ নভেম্বর ২০২৫ | ব্রাহ্মণবাড়িয়া জেলার নাসিরনগর উপজেলার ভুবন বড়ধলিয়া গ্রামে |
| ২৭ | হযরত শাহ বদিউজ্জামান মুন্সী (রহ.) এর মাজার | ১০ই আগস্ট, ২০২৪, রাতে | বোয়ালখালী কধুরখীল ইউনিয়নের |
| ২৮ | শাহ মনোহর (ক.) মাজার | শুক্রবার (৭ ফেব্রুয়ারি ২০২৫) | হাটহাজারী, চট্টগ্রাম |
| ২৯ | কোপ্পা/কফা পাগলার মাজার | ৫ই আগস্ট ২০২৪ | নরসিংদীর পলাশ উপজেলার পারুলিয়ায় অবস্থিত |
| ৩০ | শাহ সুফি সৈয়দ রেজা সারোয়ার রাজাজীর মাজার | ৫ই আগস্ট ২০২৪ | নারায়ণগঞ্জের রূপগঞ্জ উপজেলার দাউদপুর ইউনিয়নের কালনি এলাকায় |
| ৩১ | বোরহান উদ্দিন বৈরাম শাহের মাজার | ৫ আগস্ট, ২০২৪ | ঢাকার তেজগাঁও কলোনি বাজার এলাকায় অবস্থিত |
| ৩২ | দেওয়ান শরীফ খানের মাজার/ পারুলিয়া দরবার শরিফ | ৫ই আগস্ট ২০২৪ রাতে | নরসিংদীর পলাশ উপজেলায় অবস্থিত |
| ৩৩ | শাহ সুফি হযরত হকসাব শাহ (হক পাগলা) মাজার | ২০২৪ সালের ৫ই আগস্টে | নরসিংদী জেলার দড়ীনবিপুর গ্রামে |
| ৩৪ | হজরত হায়দার আলী ইয়ামেনী মাজার | ২০২৪ সালের ৬ই আগস্ট | ঢাকার হাজারীবাগ এলাকায় অবস্থিত |
| ৩৫ | আয়না দরগাহ মাজার | ২৫ই আগস্ট ২০২৪ রবিবার বিকেলে, | নারায়ণগঞ্জের সোনারগাঁ উপজেলার সনমান্দি ইউনিয়নের |

| | | | |
|---|---|---|---|
| | | | পশ্চিম সনমান্দি গ্রামে |
| ৩৬ | দেওয়ানবাগী পীরের আস্তানা | ৬ই সেপ্টেম্বর ২০২৪ ভোরে | নারায়ণগঞ্জের বন্দর উপজেলার মদনপুর, দেওয়ান মনোহর খাঁর বাগ এলাকায় |
| ৩৭ | হজরত হোসেন আলী শাহের মাজার, লেংটার মাজার | ১০ই সেপ্টেম্বর ২০২৪ মঙ্গলবার দিবাগত রাত সাড়ে ১২টার দিকে | নারায়ণগঞ্জের রূপগঞ্জ উপজেলার পূর্বাচল ১১ নম্বর সেক্টরে |
| ৩৮ | উদাম শাহ মাজার | ১০ই সেপ্টেম্বর ২০২৪ | নরসিংদী জেলার বেলাব উপজেলায়) |
| ৩৯ | বুচাই পাগলার মাজার | ১১ই সেপ্টেম্বর ২০২৪ দুপুর সাড়ে ১২টার দিকে | ঢাকার ধামরাই উপজেলার সানোড়া ইউনিয়নের বাটুলিয়া এলাকায় কালামপুর-সাটুরিয়া আঞ্চলিক সড়কের পাশে |
| ৪০ | আলীম উদ্দিন চিশতিয়া (রঃ) | ২০২৪ সালের ১১ সেপ্টেম্বর রাতে, | নারায়ণগঞ্জের রূপগঞ্জ উপজেলার ভুলতা বাজারের কাছে পোনাবো এলাকায় |
| ৪১ | শাহ সূফি ফসিহ পাগলার মাজার | ২০২৪ সালের ১৩ই সেপ্টেম্বর শুক্রবার বিকেল ৩টার দিকে, | গাজীপুর মহানগরের পোড়াবাড়ি এলাকায় ঢাকা-ময়মনসিংহ মহাসড়কের পাশে |
| ৪২ | ফকির করিম শাহ মাজার/ আরশেদ পাগলার মাজার | ১৩ই সেপ্টেম্বর ২০২৪ শুক্রবার জুমার নামাজের পর | শরীয়তপুরের জাজিরা উপজেলার বিলাশপুর ইউনিয়নের মেহের আলী মাদবরকান্দি গ্রামে |
| ৪৩ | সৈয়দ আবু মোহাম্মদ মঞ্জুরুল হামিদ (রহ.) | ১৬ই সেপ্টেম্বর ২০২৪ সোমবার | কিশোরগঞ্জের কুলিয়ারচর উপজেলার ছয়সূতী ইউনিয়নের |

| | | | |
|---|---|---|---|
| | মাজার (গাউছিয়া দরবার শরীফ) | | প্রথাবনাথ বাজার সংলগ্ন |
| ৪৪ | মাওলানা আফসার উদ্দিনের মাজার | ২৯ই সেপ্টেম্বর ২০২৪ রাত সাড়ে ১১টা থেকে দুই ঘণ্টার | সাভারের বনগাঁও ইউনিয়নের চাকলিয়া এলাকায় |
| ৪৫ | বরকত মা মাজার | ২০২৪ সালের সেপ্টেম্বর | ঢাকার ধামরাই উপজেলার ইসলামপুর এলাকায় |
| ৪৬ | মজিদিয়া দরবার শরিফ (শালু শাহ মাজার) | ২০২৪ সালের সেপ্টেম্বর মাসে | শরীয়তপুরের নড়িয়া উপজেলার মোক্তারেরচর ইউনিয়নের পোড়াগাছা গ্রামে |
| ৪৭ | হজরত হাজী খাজা শাহবাজ (রাহ.) মাজার-মসজিদ | ৫ই নভেম্বর ২০২৪ মঙ্গলবার সকাল ১১টা থেকে ১২টা | ঢাকার দোয়েল চত্বর সংলগ্ন (বাংলা একাডেমির বিপরীত পার্শ্বে |
| ৪৮ | বেলাল পীরের মাজার | ২২ই নভেম্বর ২০২৫ তারিখে | টাঙ্গাইল সদর উপজেলার চরপৌলী এলাকায় |
| ৪৯ | হযরত খেতা শাহ (ওরফে আইয়ুব আলী) মাজার | ২০২৫ সালের ২৩ই জানুয়ারি | নরসিংদী সদর উপজেলার করিমপুর ইউনিয়নের শ্রীনগর রসুলপুর কান্দাপাড়া এলাকায় |
| ৫০ | মোহাম্মদ আলী মুন্সীর কবর | ২৪ই জানুয়ারি ২০২৫ তারিখে | নরসিংদী জেলার চম্পকনগর গ্রামে |
| ৫১ | শাহ সুফি হযরত ফজলু শাহের মাজার | ২৪ই জানুয়ারি ২০২৫ | নরসিংদী জেলার কালাইগোবিন্দপুর গ্রাম |
| ৫২ | কুতুববাগ দরবার শরিফ | ২০২৫ সালের ২৭ই জানুয়ারি | ঢাকার তেজগাঁওয়ে ফার্মগেটের ৩৪ ইন্দিরা রোডে |

| | | | |
|---|---|---|---|
| ৫৩ | শুক্কুর আলী শাহ ফকিরের মাজার | জানুয়ারি ২০২৫ (বৃহস্পতিবার) রাতে | ঢাকার ধামরাই উপজেলার গাঙ্গুটিয়া ইউনিয়নের অর্জুন নালাই গ্রামে |
| ৫৪ | ফকির মওলা দরবার শরিফ | ২০২৫ সালের ২১ই ফেব্রুয়ারি | মানিকগঞ্জের সিঙ্গাইর উপজেলার আজিমপুরে |
| ৫৫ | গাউছে হক দরবার শরীফ | ৩১ই মার্চ ২০২৫ এর রাতে | নরসিংদীর রায়পুরা উপজেলায় অবস্থিত |
| ৫৬ | নুরাল পাগলার দরবার শরিফ | ৫ই সেপ্টেম্বর ২০২৫ জুমার নামাজের পর | রাজবাড়ী জেলার গোয়ালন্দ উপজেলার জুড়ান মোল্লাপাড়া এলাকায় |
| ৫৭ | পাঁচ পীরের মাজার | ১৩ই সেপ্টেম্বর ২০২৫ তারিখে | ইটনা উপজেলার (কিশোরগঞ্জ জেলা) |
| ৫৮ | বিগচান আল জাহাঙ্গীরের মাজার | ১৭ই আগস্ট ২০২৪ | ঢালুয়ার চর, পলাশ, নরসিংদী |
| ৫৯ | আয়নাল শাহ মাজার | ৩ই সেপ্টেম্বর ২০২৪ | খোটমোড়া, গোতাশিয়া, মনোহরদী, নরসিংদী |
| ৬০ | ওয়াইসিয়া/উয়ায়েসি দরবার শরীফ | ৯ই সেপ্টেম্বর ২০২৪ | ঘিওর, মানিকগঞ্জ |
| ৬১ | মা জটালীর মাজার | ২০২৪ এর সেপ্টেম্বর মাসে | বাংলা একাডেমি এলাকা, ঢাকা |
| ৬২ | ওয়ারিশ পাগলার মাজার | ২০২৫ সালের জানুয়ারি মাসে | দড়িগাঁও গ্রাম, সালুয়া ইউনিয়ন, কিশোরগঞ্জ |
| ৬৩ | শ্রীপুরের হেরাবন পাক দরবার শরীফ | ৯ ফেব্রুয়ারি ২০২৫ দুপুরে | শ্রীপুর, গাজীপুর |
| ৬৪ | খাজা শাহ সুফি দেওয়ান আব্দুর রশিদ আল চিশতি | ২৯ সেপ্টেম্বর ২০২৪ রাতে | মানিকগঞ্জ |

| | | | |
|---|---|---|---|
| | নিজামি (রা.) দরবার শরীফ | | |
| ৬৫ | দেওয়ানবাগ পীরের দরবার শরীফ | ৬ সেপ্টেম্বর, ২০২৪ (রোববার) সকালে ফজরের নামাজের পর | ময়মনসিংহের ত্রিশাল উপজেলার আমিরাবাড়ি ইউনিয়নের গোপালপুর গ্রামে অবস্থিত |
| ৬৬ | শাহ আব্দুর রহমান ভান্ডারির মাজার | ৮ অক্টোবর ২০২৪ | ময়মনসিংহ জেলার তারাকান্দা উপজেলার বিসকা গ্রামে |
| ৬৭ | শেরপুরের মুর্শিদপুর পীরের দরবার (খাজা বদরুদ্দোজা হায়দার ওরফে দোজা পীরের দরবার শরীফ) | দুই দফায় হামলা ২৬ ও ২৮ নভেম্বর ২০২৪ (মঙ্গলবার ও বৃহস্পতিবার) | শেরপুর সদর উপজেলার লছমনপুর এলাকায় অবস্থিত |
| ৬৮ | হজরত শাহ সুফি সৈয়দ কালু শাহর (রহ.) মাজার | ৮ জানুয়ারি, ২০২৫ (বুধবার) রাতে, | ময়মনসিংহ কোতোয়ালি মডেল থানার বিপরীত দিকে, ব্রহ্মপুত্র নদীর পাড়ে অবস্থিত |
| ৬৯ | হযরত শাহ নেওয়াজ ফকির ওরফে ল্যাংটা পাগলার মাজার | (৩ মার্চ, ২০২৫ (সোমবার) রাতে তারাবিহ নামাজের পর | নেত্রকোনা জেলার কেন্দুয়া উপজেলার মাসকা বাজারসংলগ্ন |
| ৭০ | নূরাই পীরের দরগাহ | ১৩ এপ্রিল ২০২৫ তারিখে | ময়মনসিংহের ফুলবাড়িয়া উপজেলার রাঙ্গামাটিয়া গ্রামে |
| ৭১ | খাজা বাবার দায়রা শরিফ' (স্থানীয়ভাবে 'গনি ফকিরের আস্তানা' নামে পরিচিত) | ১৯ সেপ্টেম্বর ২০২৫ (শুক্রবার) জুমার নামাজের পর | ময়মনসিংহ নগরের ২৩ নম্বর ওয়ার্ডের সুতিয়াখালী বাজারে |
| ৭২ | শাহজাহান উদ্দিন (র.) আউলিয়া মাজারে | ২৫-২৬ ডিসেম্বর ২০২৫ | ময়মনসিংহের গৌরীপুর উপজেলার টেঙ্গাপাড়া গ্রামে অবস্থিত |

| | | | |
|---|---|---|---|
| ৭৩ | হজরত শাহপরান (রহ.) মাজার | ৯ সেপ্টেম্বর ২০২৪ইং | সিলেট শহরের পূর্ব দিকে খাদিম পাড়া বর্তমান নাম খাদিম নগর এলাকায় অবস্থিত |
| ৭৪ | শাহ সুফি আব্দুল কাইউম চিশতিয়ার (রহ.) মাজার | ১৩ সেপ্টেম্বর ২০২৪ (শুক্রবার), ফজরের নামাজের পর | সিলেট শহরতলির খাদিমপাড়া ইউনিয়নের বটেশ্বর চুয়ারবহর এলাকায় |
| ৭৫ | হযরত কুতুব ডংকা শাহ (রহ.) মাজার | ২০ সেপ্টেম্বর ২০২৪ (শুক্রবার) | সুনামগঞ্জ পৌর শহরের হোসেন বখত চত্বর এলাকায় ময়নার পয়েন্ট গলিতে |
| ৭৬ | শাহ আরেফিন (রা.) মাজার (শাহ আরেফিন টিলা) | ৫ ডিসেম্বর ২০২৪, | সিলেটের কোম্পানীগঞ্জ উপজেলার জালিয়ারপাড় গ্রামে অবস্থিত |
| ৭৭ | হযরত শাহ শরীফ উদ্দিন রাহ: বাগদাদী মাজার | ২২ ডিসেম্বর ২০২৪ (রবিবার দুপুর) | হবিগঞ্জের মাধবপুর উপজেলার শাহপুর মোকামে |
| ৭৮ | আব্দুল হেকিম শাহ মাজার | ৭ মার্চ ২০২৫ (শুক্রবার) | হবিগঞ্জের আজমিরীগঞ্জ উপজেলা |
| ৭৯ | হযরত লোড়া পীরের মাজার | ২৪ ফেব্রুয়ারি ২০২৫ | রাজনগর গ্রাম, ধর্মপাশা সদর ইউনিয়ন |
| ৮০ | হযরত কালাম শাহ (রহ.) মাজার | ২৬ ফেব্রুয়ারি ২০২৫ | নোয়াবন্দ গ্রাম, ধর্মপাশা |
| ৮১ | বুরহান উদ্দিন (রহ.) মাজার | ২০২৪ সালের ১৮ নভেম্বর | রামচন্দ্রপুর গ্রাম, রহিমপুর ইউনিয়ন, কমলগঞ্জ, মৌলভীবাজার |

| | | | |
|---|---|---|---|
| ৮২ | ইসমাইল শাহ মাজার | রবিবার (১৬ মার্চ ২০২৫) রাত সোয়া ১২টায় | বরগুনার আমতলী উপজেলার বটতলা এলাকায় |
| ৮৩ | অজ্ঞাত মাজার | ২৬ই সেপ্টেম্বর ২০২৫ | ভোলা, বরিশাল |
| ৮৪ | আলী পাগলার মাজার | ২৯ আগস্ট ২০২৪ (বৃহস্পতিবার) রাতে | সিরাজগঞ্জের কাজীপুর উপজেলার মনসুরনগর ইউনিয়নের শালগ্রাম এলাকায় অবস্থিত |
| ৮৫ | ইসমাইল পাগলার মাজার | ৩ সেপ্টেম্বর ২০২৪ (মঙ্গলবার) বিকেলে | সিরাজগঞ্জের সদর উপজেলার কালিয়া হরিপুর ইউনিয়নের হরিপুর গ্রামে অবস্থিত |
| ৮৬ | হযরত বড়পীর গাউসুল আজম দরবার শরীফ মাজার | ৯ সেপ্টেম্বর ২০২৪ (সোমবার) সকাল ১০টা থেকে বিকেল ৪টা পর্যন্ত, | সিরাজগঞ্জের সদর উপজেলার শিয়ালকোল ইউনিয়নের শ্যামপুর গ্রামে অবস্থিত) |
| ৮৭ | মানছুড়িয়া খানকাহ শরীফ | ১০ সেপ্টেম্বর ২০২৪ (মঙ্গলবার) রাত আনুমানিক ১০টা ১৫ মিনিটে) | রাজশাহী মহানগরীর দারুসা সরাইপুকুর এলাকায় (পবা উপজেলা), |
| ৮৮ | হযরত শাহ সুফি মোকাররম হোসেন জঙ্গি (রহ.) মাজার | ২০শে নভেম্বর ২০২৪ | রাজশাহীর গোদাগাড়ী উপজেলার রাজাবাড়ি হাট এলাকায় অবস্থিত |
| ৮৯ | সুফী সাধক দেলোয়ার হোসেন আল-জাহাঙ্গীর সুরেশ্বরীর দরবার শরীফ | ২২ মার্চ ২০২৫ (শনিবার) সকালে | পাবনা জেলার কায়েমকোলা দোগাছি ইউনিয়নের |
| ৯০ | হযরত গরীব শাহ মাজার | ৫ আগস্ট ২০২৪ (সোমবার) রাত ৯:২৫ মিনিটে | যশোরের বকুলতলা মোড়ে অবস্থিত |
| ৯১ | শাহ ভালা (সুফি মেহেরুল্লাহ শাহ ওরফে | ৫, ৬ ও ৭ আগস্ট ২০২৪, | চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা |

| | | | |
|---|---|---|---|
| | রেজা শাহ চিশতি) দরবার শরীফ | তিন দফায়, | উপজেলার কোষাঘাটা গ্রামে মাথাভাঙ্গা নদীর তীরে অবস্থিত |
| ৯২ | হযরত কুতুবউদ্দিন শাহ (রহ.) মাজার শরীফ | ২০২৪ সালের ৭ই আগস্ট | চুয়াডাঙ্গায় |
| ৯৩ | রশিদিয়া দরবার শরীফ | রবিবার (২৯ সেপ্টেম্বর ২০২৪) রাত সাড়ে ৮টা থেকে ৯টা ৩০ মিনিটে | কুষ্টিয়ার কুমারখালী উপজেলার দুর্গম চর সাদিপুর ইউনিয়নের সাদিপুর বাজারে |
| ৯৪ | শাহ সুফি শামীম আল জাহাঙ্গীর আল সুরেশ্বরীর দরবার শরিফ | ৩০ই আগস্ট ২০২৫ | কুষ্টিয়ার ফিলিপ নগরে |
| ৯৫ | বিবি সখিনার মাজার | ১১ জুলাই ২০২৪-এর দিবাগত রাতে | রাণীশংকৈল উপজেলার নন্দুয়ার ইউনিয়নের সন্ধ্যারই সাতঘরিয়া এলাকায়, বিবি সখিনা পুকুরপাড়ে অবস্থিত |
| ৯৬ | রহিম শাহ বাবা ভান্ডারী মাজার | ২৮ ফেব্রুয়ারি ২০২৫ (শুক্রবার) বিকেল ৫টায় | দিনাজপুরের ঘোড়াঘাট উপজেলার সিংড়া ইউনিয়নের বিরাহীমপুর গুচ্ছগ্রামে |

| | | | |
|---|---|---|---|
| | | | (আফসারাবাদ কলোনি এলাকায় |
| ৯৭ | হযরত বাবা শাহ সত্যপীর মাজার | ২৬ ডিসেম্বর ২০২৫ (শুক্রবার) দিবাগত গভীর রাতে/ভোররাতে,) | ঠাকুরগাঁও পৌর শহরের সত্যপীর ব্রিজ সংলগ্ন এলাকায় (বিজিবি সেক্টর সদর দপ্তর/ক্যাম্পের সামনে, জগন্নাথপুর ইউনিয়ন) অবস্থিত |

## হামলার অভিযোগের প্রেক্ষিতে অপ্রমাণিত ও গুজব ৩৭টি মাজারের তালিকা

| সংখ্যা | মাজারের নাম | সময় | স্থান |
|---|---|---|---|
| ০১ | বারো আউলিয়ার মাজার | সেপ্টেম্বর ৯, ২০২৪ | সীতাকুণ্ড, চট্টগ্রাম |
| ০২ | নানা শাহ্ মাজার শরীফ | ৫ই এপ্রিল ২০২৫ | তেলিনগর, ব্রাহ্মণবাড়িয়া |
| ০৩ | হজরত সোলায়মান শাহর মাজার | ৩০ই জুলাই ২০২৫ | চাঁদপুর জেলার উত্তর উপজেলার বেলতলী এলাকা |
| ০৪ | হযরত লাল শাহ বাবা (রহ.) | ২০ নভেম্বর ২০২৫ | ব্রাহ্মণবাড়িয়া জেলায় অবস্থিত |
| ০৫ | গোলাপ শাহ মাজার | ১১ই সেপ্টেম্বর ২০২৪ | ঢাকার গুলিস্তানে অবস্থিত |
| ০৬ | আকবর পাগলার মাজার | ৫ আগস্ট ২০২৪ | নরসিংদী |
| ০৭ | আয়েজ পাগলার মাজার | ৫ আগস্ট ২০২৪ | নরসিংদী |
| ০৮ | শাহসূফি চানমিয়া দরবার শরীফ | ৫ আগস্ট ২০২৪-এর পরপর | নয়াপাড়া, গাজীপুর |
| ০৯ | ফকির মার্কেট মাজার | ৫ আগস্ট ২০২৪-এর পরপর | গাজীপুর |
| ১০ | জাবের পাগলার মাজার | ৫ আগস্ট ২০২৪-এর পরপর | গাজীপুর |
| ১১ | হাসেন আলী | ৫ আগস্ট ২০২৪- | বেলাব, নরসিংদী |

| | | | |
|---|---|---|---|
| | ফকিরের মাজার | এর পরপর | |
| ১২ | করমদী ফকিরের মাজার | ১৫ সেপ্টেম্বর ২০২৪ | ভাওয়াল মির্জাপুর বাজার, গাজীপুর |
| ১৩ | আক্কেল আলী শাহের মাজার | সেপ্টেম্বর ২০২৪ | রায়পুরা, নরসিংদী |
| ১৪ | আমিনুল হক পাগলার মাজার/আস্তানা | ২৩ নভেম্বর ২০২৪ | দিলালপুর, নরসিংদী |
| ১৫ | হানিফ শাহ মাজার | ২৪ জানুয়ারি ২০২৫ | মনোহরদী, নরসিংদী |
| ১৬ | শাহ সুফি হযরত আইয়ুব আলী শাহের আস্তানা | ২৪ই জানুয়ারি ২০২৫ | শ্রীনগর গ্রাম, নরসিংদী |
| ১৭ | হজরত হায়দার শাহ বাবার মাজার | শনাক্ত করা যায়নি | মুহাম্মদপুর, ঢাকা |
| ১৮ | হযরত মজিবুর রহমান চিশতী রহঃ | শনাক্ত করা যায়নি | পঞ্চগড় |
| ১৯ | হযরত আতিউল ফকির দরবার | শনাক্ত করা যায়নি | পঞ্চপুকুর, নীলফামারী সদর। |
| ২০ | হযরত শাহসুফী থোকা চিশতী (রহঃ), | শনাক্ত করা যায়নি | ফেড়ুয়া, পীরগঞ্জ, রংপুর। |
| ২১ | হযরত শাহসুফী তোফাজ্জল চিশতী (রহঃ) মাজার শরীফ | শনাক্ত করা যায়নি | চন্ডিপুর, ঘোনাপাড়া, পীরগঞ্জ, রংপুর। |
| ২২ | খাজাবাবা শাহসূফী | শনাক্ত করা যায়নি | শনাক্ত করা যায়নি |

| | | | |
|---|---|---|---|
| | আবুল হাসান চিশতী এর রওজা শরিফ | | |
| ২৩ | হযরত শাহ মখদুম শাহদ্দৌলা (রহঃ) মাজার শরীফ | শনাক্ত করা যায়নি | শাহজাদপুর, সিরাজগঞ্জ। |
| ২৪ | হযরত জালালিয়া চিশতিয়া খানকা শরীফ | শনাক্ত করা যায়নি | বহরমপুর, রাজশাহী |
| ২৫ | শাহ শরীফ জিন্দানীর মাজারে | ২০২৫ সালের ১৬ সেপ্টেম্বর | শনাক্ত করা যায়নি |
| ২৬ | গদাইয়ের মাজার | ৫ই আগস্ট ২০২৪ এর পরে | উজিরপুর, বরিশাল। |
| ২৭ | হযরত শাহ আতাউল্লাহ খানকা শরীফ | শনাক্ত করা যায়নি | সিলেট |
| ২৮ | হযরত সৈয়দ শাহ মাজার শরীফ | শনাক্ত করা যায়নি | আটশকান্তি, সিলেট |
| ২৯ | হযরত মঞ্জুব আলী লেংটা শাহ (রাঃ) এর মাজার | শনাক্ত করা যায়নি | বিশ্বনাথ, সিলেট |
| ৩০ | হযরত সিরাজুল হক (রাঃ) মাজার শরীফ | শনাক্ত করা যায়নি | সুনামগঞ্জ |
| ৩১ | হযরত দোয়ারাবাজ মাজার শরীফ | শনাক্ত করা যায়নি | সুনামগঞ্জ |
| ৩২ | বাগ বাড়ীর মাজার | শনাক্ত করা যায়নি | বটেসশর |

| | | | |
|---|---|---|---|
| | শরীফ | | শাহপরান সংলগ্ন, সিলেট |
| ৩৩ | লাল শাহ দৌলা | ৫ই আগস্ট ২০২৪ এর পরে | চুনারুঘাট উপজেলার ঐতিহ্যবাহী রানীগাঁও সালামী টিলায় অবস্থিত |
| ৩৪ | শাহ গালিব রহঃ মাজার | বুধবার (১ ও ২ এপ্রিল ২০২৫) | সুনামগঞ্জের জগন্নাথপুরে |
| ৩৫ | নুর আইসার দরবার শরীফ | ৮ই আগস্ট ২০২৪ | ময়মনসিংহ গৌরীপুর বাহাদুরপুর গ্রামে |
| ৩৬ | আমান পাগলার মাজার | ৫ই আগস্ট ২০২৪ এর পরে | নান্দাইল, ময়মনসিংহ |
| ৩৭ | ডাঃ মনিরুল শামীম সিরাজী খানেকা শরীফ | সেপ্টেম্বর ২০২৫ | ময়মনসিংহ। |